

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)


নং -৪৬.৪২.০০০০.০০০.২০.০০৩.১৫.৩৪৫৪

তারিখঃ ১৭.০৮.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৪-২০১৫ অর্থ বছরের সংশোধিত এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব বাজেট অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পঞ্চগড় জেলা পরিষদের ২০১৪-২০১৫ অর্থ বছরের ১০,১৮,৫৮,১৭৭.৭১ (দশ কোটি আঠার লক্ষ আটান্ন হাজার একশত সাতাত্তর টাকা একাত্তর পয়সা) টাকার সংশোধিত রাজস্ব বাজেট এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের ১৫,৪৮,৭৪,৮৩১.৭৫ (পনের কোটি আটচল্লিশ লক্ষ দুয়ান্ন হাজার আটশত একত্রিশ টাকা পচাত্তর পয়সা) টাকার প্রস্তাবিত রাজস্ব বাজেট নির্দেশক্রমে অনুমোদন করা হলো। অনুমোদিত বাজেট ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলঃ

- ১) অনুমোদিত বাজেটের উন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থ প্রথমেই জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান প্রকল্পে বরাদ্দ করতে হবে। দ্বিতীয় পর্যায়ে পূর্বে নির্মিত হাঙ্গাঘাট, ব্রীজ, কালাভাট, ডাকবাংলো, অডিটরিয়াম, যাত্রী ছাউনী, পাঠাগার ইত্যাদি প্রকল্প, যেগুলো মেরামতের প্রয়োজন আছে, এমন প্রকল্পগুলোকে প্রাধান্য দিতে হবে। অবশিষ্ট অর্থে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে।
- ২) বাজেটের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নীতিমালা/বিধি-বিধান/পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৩) উন্নয়নমূলক কার্যক্রমের জন্য পিপিআর, ২০০৮ এবং স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৪) বাজেটের খাতওয়ারী বরাদ্দের মধ্যে ব্যয় সীমিত রাখতে হবে। এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না। তবে প্রয়োজনে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদনক্রমে এক খাতের অর্থ অন্য খাতে সমন্বয় করা যাবে।
- ৫) বিশেষ কোন কারণে বাজেটে উল্লিখিত খাত/উপ-খাতে অতিরিক্ত কোন ব্যয়ের প্রয়োজন হলে, অতিরিক্ত ব্যয়ের যৌক্তিকতাসহ সংশ্লিষ্ট জেলা পরিষদ উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় সিদ্ধান্ত নিয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমতিক্রমে ব্যয় করা যাবে।
- ৬) যানবাহনের জ্বালানী ব্যবহারে কৃচ্ছতা সাধন করতে হবে। ব্যক্তিগত কাজ/প্রয়োজনে পরিষদের যানবাহন ব্যবহার পরিহার/নিরুৎসাহিত করতে হবে।
- ৭) অনুদান খাতের অর্থ জনসংখ্যা, আ্যাতন বিবেচনায় উপজেলা ওয়ারী প্রদান করতে হবে।
- ৮) জেলা পরিষদের বিভিন্ন মোকদ্দমা ফি প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রার সংরক্ষণসহ বিস্তারিত হিসাব রাখতে হবে।
- ৯) সরকারি টেলিফোন নির্দেশিকা/নীতিমালা অনুযায়ী শুধুমাত্র প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ টেলিফোন সুবিধা পাবেন। টেলিফোন ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ শুধুমাত্র প্রাধিকারভুক্ত কর্মকর্তার টেলিফোন ব্যয়ের ক্ষেত্রে ব্যবহৃত হবে এবং কোনভাবেই সরকারি টেলিফোন নির্দেশিকায় বর্ণিত ব্যয়সীমা অতিক্রম করা যাবে না।
- ১০) ভূমি উন্নয়ন কর, বিদ্যুৎ বিলসহ অন্যান্য ইউটিলিটি বিল/কর যথা সময়ে পরিশোধ করে এ বিভাগকে অবহিত করতে হবে।
- ১১) সভাব্য ক্ষেত্রে আরো মিতব্যয়ী এবং ক্ষেত্রান্তে কৃচ্ছতা সাধনে সচেষ্ট হতে হবে।

  
১৭/৮/১৫  
(জুবাইদা নাসরিন)  
উপ সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, পঞ্চগড়।

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

- ১। প্রশাসক, জেলা পরিষদ, পঞ্চগড়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।